

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫২৪

আগরতলা, ১২ সেপ্টেম্বর, ২০২০

ফিট ইন্ডিয়া : আগরতলায় সাইকেল র্যালি

ফিট ইন্ডিয়া কর্মসূচিতে আজ সকালে আগরতলায় ১৩ ত্রিপুরা ব্যাটেলিয়ান এন সি সি-এর উদ্যোগে এক সাইকেল র্যালি আয়োজিত হয়। সাইকেল র্যালিতে ১৩ জন এন সি সি ক্যাডেট অংশ নেন। এদের মধ্যে ৬ জন মহিলা। এম বি বি কলেজ মাঠে এই সাইকেল র্যালির সূচনা করেন ব্যাটেলিয়ানের কমান্ডিং অফিসার লেফটেনেন্ট শান্তনু মজুমদার। র্যালিটি এম বি বি কলেজ মাঠ থেকে শুরু হয়ে মঠচৌমুহনী, লালবাহাদুর চৌমুহনী, রাখানগর বাসস্ট্যান্ড হয়ে সচিবালয়ের গেইট পর্যন্ত গিয়ে পুনরায় একই পথ ধরে এম বি বি কলেজ মাঠে এসে সমাপ্ত হয়। সাইকেল র্যালিটির নেতৃত্বে ছিলেন হাবিলদার বিরজু রাম ও হাবিলদার বাবুরাম শ্রেষ্ঠা।
